

**U.G. 3rd Semester Examination - 2021****ECONOMICS****Course Code : BECOGEHT9****Course Title : Introductory Microeconomics**

Full Marks : 40

Time : 2 Hours

*The figures in the right-hand margin indicate marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*1. Answer any **ten** questions :  $1 \times 10 = 10$ 

যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

a) Give one example where law of demand is violated.

চাহিদার নিয়মের একটি ব্যতিক্রমী উদাহরণ দাও।

b) What do you mean by production function?

উৎপাদন অপেক্ষক বলতে কি বোঝ?

c) Give one example of fixed cost incurred by a profit maximising firm.

স্থির ব্যয়ের একটি উদাহরণ দাও যা মুনাফা সর্বোচ্চকারী ফার্ম করে থাকে।

d) What is marginal cost?

প্রান্তিক ব্যয় কি?

e) What do you mean by 'Rationing'?

'Rationing' বলতে কি বোঝ?

f) What is 'consumer surplus'?

'ভোগকারীর উদ্বৃত্ত' বলতে কি বোঝ?

g) What is 'inferior goods'?

'নিকৃষ্ট দ্রব্য' কি?

h) In which form of market, price is equal to marginal cost at equilibrium point?

কোন ধরনের বাজারে ভারসাম্য বিন্দুতে দাম এবং প্রান্তিক ব্যয় সমান হয়?

i) What is 'opportunity cost'?

'সুযোগ ব্যয়' কি?

j) In which portion of a demand curve monopolist does not operate?

চাহিদা রেখার কোন্ অংশে একচেটিয়া কারবারী কোন উৎপাদন করে না?

k) What will be the value of own price elasticity of demand for life-saving drugs?

জীবনদায়ী ওষুধের ক্ষেত্রে চাহিদার নিজ-দামগত স্থিতিস্থাপকতার মান কি হবে?

l) What is the shape of unitary elastic demand curve?

একক স্থিতিস্থাপক চাহিদা রেখার আকৃতি কিরূপ হয়?

m) What is the shape of an individual's labour supply curve?

এক ব্যক্তির শ্রমের যোগান রেখার আকৃতি কিরূপ হয়?

n) What is meant by 'short run' in production?

উৎপাদনে 'স্বল্পকাল' বলতে কি বোঝায়?

o) What is Marginal Revenue Product of Labour?

শ্রমের প্রান্তিক রেভিনিউ উৎপাদন কাকে বলে?

2. Answer any **five** questions:  $2 \times 5 = 10$

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

a) Distinguish between cardinal and ordinal utility.

সংখ্যাবাচক ও গুণবাচক উপযোগিতার মধ্যে পার্থক্য কর।

b) Describe the shape of short run average fixed cost curve.

স্বল্পকালীন স্থির গড় ব্যয় রেখার আকৃতি বর্ণনা কর।

c) Define price elasticity of demand.

চাহিদার দামগত স্থিতিস্থাপকতার সংজ্ঞা দাও।

d) What are the three basic questions of economics?

অর্থনীতির মূল তিনটি প্রশ্ন কি কি?

e) What is Giffen Goods?

গিফেন দ্রব্য কি?

f) What is substitution effect?

পরিবর্ত প্রভাব কাকে বলে?

g) State the Law of Diminishing Marginal Utility.

ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগিতার বিবৃত কর।

h) State the Law of Variable Proportions.

পরিবর্তনীয় অনুপাতের বিধিটি বিবৃত কর।

3. Answer any **two** questions:  $5 \times 2 = 10$

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

a) What is indifference map? Explain any two properties of an indifference curve.  $1 + 4 = 5$

নিরপেক্ষ মানচিত্র কি? নিরপেক্ষ রেখার যে কোন দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।

b) Distinguish between Change in Demand and Change in Quantity Demanded.

চাহিদার পরিবর্তন ও চাহিদার পরিমাণে পরিবর্তনের মধ্যে পার্থক্য করো।

c) How is the Long-run Average Cost (LAC) curve derived?

দীর্ঘকালীন গড় ব্যয় রেখা কিভাবে পাওয়া যায়?

4. Answer any **one** question:  $10 \times 1 = 10$

যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

a) What are the characteristics of perfectly competitive market? Show how the equilibrium price is determined by the interaction of supply and demand in a perfectly competitive market.

$4 + 6 = 10$

পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের বৈশিষ্ট্যগুলি কি কি? দেখাও যে, একটি পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে চাহিদা ও যোগানের ঘাত-প্রতিঘাতে কিভাবে ভারসাম্য দাম নির্ধারিত হয় তা ব্যাখ্যা কর।

b) Describe the factors upon which elasticity of demand depends. Write down the reasons behind exception of law of demand.  $6 + 4 = 10$

চাহিদার স্থিতিস্থাপকতা নির্ধারণকারী বিষয়গুলি বর্ণনা কর। চাহিদার নিয়মের ব্যতিক্রমের কতগুলি কারণ উল্লেখ কর।

c) Explain with suitable diagram, how the price effect can be decomposed into substitution effect and income effect following Hicks' approach.

হিক্সের মতানুসারে কিভাবে দাম প্রভাবকে পরিবর্ত প্রভাব ও আয় প্রভাবে ভাগ করা যায়, উপযুক্ত চিত্রসহ ব্যাখ্যা করো।